

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

গাজীপুরস্থ ভাওয়াল মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রে সংঘটিত ঘটনার প্রেক্ষিতে অনুষ্ঠিত জরুরী সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক
সভার তারিখ	০৬ জানুয়ারি, ২০২২
সভার সময়	বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস কক্ষ।
উপস্থিতি	...

সভাপতি গাজীপুরস্থ ভাওয়াল মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রে সংঘটিত ঘটনার বিষয়ে আলোকপাত করে সভার কার্যক্রম শুরু করেন। এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার আহবান জানান। বেসরকারি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রগুলো সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী পরিচালিত হওয়ার ক্ষেত্রে অসংগতি পরিলক্ষিত হলে কঠোর হওয়ার নির্দেশনা প্রদান করেন। পরিচালক(নিরোধ শিক্ষা) বলেন, ইতোপূর্বে মাইন্ড এইড মানসিক ও মাদকাসক্তি নিরাময় হাসপাতালে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনাকে কেন্দ্র করে সারা বাংলাদেশের সকল নিরাময়/পুনর্বাসন কেন্দ্রসমূহ ঝটিকা পরিদর্শন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১) জেলায় পরিদর্শকদের দায়িত্ব ও এলাকা নির্ধারণ করে দিতে হবে।
- ২) পরিদর্শকদের চার্টার অফ ডিউটি আরও সুনির্দিষ্ট ও সময়োপযোগী করতে হবে।
- ৩) কোন ঘটনা/দুর্ঘটনা ঘটলে সাথে সাথে মহাপরিচালককে মৌখিকভাবে জানাতে হবে। পাশাপাশি ৩ ঘণ্টার মধ্যে অধিদপ্তরের মহাপরিচালককে লিখিতভাবে এবং অন্যবিধ বার্তার মাধ্যমে বিস্তারিত জানাতে হবে।
- ৪) অধিদপ্তরের গোয়েন্দা কার্যালয় কর্তৃক মাদক সংক্রান্ত অপরাধের গোয়েন্দা তথ্য সংগ্রহ করে পরিচালক (অপারেশনস) বরাবর প্রেরণ করতে হবে।
- ৫) অধিদপ্তরের গোয়েন্দা কার্যালয়গুলো কর্তৃক স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ তথ্যের ভিত্তিতে স্বপ্রণোদিতভাবে আলামত উদঘাটনপূর্বক অভিযান পরিচালনা, মামলা রুজুকরণসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬) প্রত্যেক কর্মকর্তা নিয়ন্ত্রণাধীন মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রগুলোর কার্যক্রম, তৎপরতা, চিকিৎসার মানদণ্ড যাচাইসহ সার্বিক বিষয়ে প্রতিমাসে পরিদর্শন করবেন। পরিদর্শন রিপোর্টসমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৮.০৬.০০২.২১.২৮

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) পরিচালক (প্রশাসন/অপারেশনস/ নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/ময়মনসিংহ/ রংপুর/গোয়েন্দা শাখা।
- ৪) সিস্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়, -----
- ৬) অফিস কপি, মাষ্টার ফাইল।

রাহুল সেন

(রাহুল সেন)

সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)